# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 25-08-2026** **Time: 1.40 P.M.**

নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির ওপর লাগাম পড়াতে রাজ্য সরকার তৎপর হয়েছে। কলকাতা সহ জেলায় জেলায় প্রশাসনিক আধিকারিকরা বিভিন্ন বাজার পরিদর্শন শুরু করেছেন।

উত্তর ২৪ পরগণার বসিরহাটে পুলিশ সুপার ও SDO-র নেতৃত্বে একটি দল, বিভিন্ন বাজারে অভিযান শুরু করেছেন।

দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবার এবং কাকদ্বীপেও এই অভিযান চলছে।

হাওড়ার কদমতলা বাজারে একটি চিনির গুদামে পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে পরিদর্শন করা হয়।

জলপাইগুড়ির জেলাশাসকের কার্যালয়ে এসংক্রান্ত এক বৈঠকে পুলিশ সুপার বীণাপানি স্পষ্ট করে জানিয়েছেন, কোন ব্যবসায়ী যদি নিত্য প্রয়োজনীয় জিনিষ মজুত রেখে কালো বাজারি করেন, তাহলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

আগেই জানানো হয়েছে, উৎসবের মরসুমের আগে খোলা বাজারে সব্জি, মাছ, চিনি সহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দাম সাধারণের নাগালের মধ্যে রাখতে রাজ্য সরকার মহকুমা ও পুলিশ কমিশনারেট স্তরে নতুন করে টাস্ক ফোর্স গঠন করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল নবান্নে বলেন, মহকুমা শাসকের নেতৃত্বে ৭২টি এবং ডেপুটি কমিশনারের নেতৃত্বে ৩৫টি টাস্ক ফোর্স গঠন করা হয়েছে।

oooooooooooooooo

বিজেপি-র রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য দুর্নীতি প্রসঙ্গে দলের আপোষহীন মনোভাবের কথা একটি খোলা চিঠিতে জানিয়েছেন। শ্রী ভট্টাচার্য বলেছেন, দলীয় কর্মীদের মধ্যে কেউ যদি কোন ধরনের দুর্নীতিতে যুক্ত হয়, তাহলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে কেউ ছাড় পাবেন না এবং দলও তার পাশে দাঁড়াবে না বলে তিনি জানিয়েছেন।

সম্প্রতি তাঁর নাম ব্যবহার করে কেউ কেউ দুর্নীতিতে যুক্ত হচ্ছেন বলে রাজ্য সভাপতি জানতে পেরেছেন। এর জন্য তিনি মুখ্যমন্ত্রীকে কঠোর ব্যবস্থা নেওয়ার আর্জি জানিয়েছেন।

(বাইট – শমীক)

<u>০০০০০০০০০০০০০০০০০০</u>

একাধিক FIR খারিজের আবেদন সংক্রান্ত মামলায় হাইকোর্টে অন্তর্বর্তীকালীন রক্ষাকবচ পেলেন অভিষেক ব্যানারজি। আদালত এদিন এক নির্দেশে জানিয়েছে, ভবানিপুর থানা , কালিতলা আসুতি থানা ও বিষ্ণুপুর থানায় দায়ের হওয়া মামলায় অভিষেককে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের প্রয়োজন নেই বলে আদালত মনে করছে। সেই জন্য তার বিরুদ্ধে ৩০ নভেম্বর পর্যন্ত কঠোর পদক্ষেপ নেওয়া যাবেনা । ২৩ নভেম্বর ফের শুনানি হবে এই মামলার । আদালতের অনুমতি ছাড়া তিনি বিদেশে যেতে পারবেন না।তবে তার চোখের চিকিৎসার জন্য বিদেশ যাওয়ার অনুমতি যেহেতু আগেই সুপ্রিমকোর্ট দিয়েছে তাই এই নির্দেশ কোন বাধা হবেনা।

বিচারপতি এদিন নির্দেশে আরো জানিয়েছেন, অভিষেক ব্যানারজির বিরুদ্ধে এখন পর্যন্ত যতগুলো FIR দায়ের হয়েছে তার সব কপি তাঁর আইনজীবীকে দিতে হবে।

oooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের দুটি গোষ্ঠীকে ২৮-শে আগস্ট তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস পালনে শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্য, তাঁর নির্দেশে জানিয়েছেন, গান্ধী মূর্তির সামনে কাউকে সভা করার অনুমতি দেওয়া হয়েছে না। ঋতব্রত বন্দ্যোপাধ্যায় গোষ্ঠীকে রানি রাসমণি রোডে এবং তৃণমূল কংগ্রেসের অন্য গোষ্ঠকে ক্যাথিড্রাল রোডে অনুমতি দেওয়া হয়েছে। তবে, ওই রাস্তাগুলির এক দিকে যান চলাচল করার সুযোগ দিতে হবে।

দুটি সভাতেই ১৫-শোর বেশি কর্মী সমর্থক থাকতে পারবেন না। বেলা ১২-টা থেকে ২-টোর মধ্যে এই অনুষ্ঠান করতে হবে। উভয় পক্ষকেই আগামীকাল সন্ধে ৬-টার মধ্যে কলকাতা পুলিশের জয়েন্ট কমিশনার কাছে ১৫ জন করে স্বেচ্ছা সেবকের নাম জানাতে হবে।

oooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরি বাতিলের মামলায় যোগ্য শিক্ষক /শিক্ষিকাদের চাকরির মেয়াদ বাড়ানোর আবেদন নিয়ে সুপ্রিমকোর্টে আবেদন করেছে স্কুল সার্ভিস কমিশন ও যোগ্য চাকরিরত শিক্ষকরা।স্কুল সার্ভিস কমিশনের বক্তব্য, শীর্ষ আদালত ৩১ অগাস্টের মধ্যে নতুন নিয়োগ সম্পন্ন করার নির্দেশ দিলেও এখন তা করা সম্ভব হয়নি।সেই কারনে সময়সীমা বাড়ানো প্রয়োজন। উল্লেখ্য শীর্ষ আদালতের নির্দেশেই যোগ্য শিক্ষকদের চাকরির মেয়াদ বাড়ানো হয়েছিল।নতুন নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত সেই মেয়াদ ফের বাড়ানো হোক বলে আর্জি জানানো হয়েছে। শীর্ষ আদালত এই আবেদন গ্রহণ করেছে। ৩১ অগাস্টের আগেই এই আবেদনের শুনানি করা হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত।এদিন প্রধান বিচারপতির বেঞ্চে আবেদনটি উঠলে প্রধান বিচারপতি সূর্যকান্তের বেঞ্চ জানিয়েছে

বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চ যারা আগে এই মামলা শুনেছিল তারাই **৩১** অগাস্টের আগে এই আবেদনের শুনানি করবে।

**০০০০০০০০০০০০০০০০০**

রাজ্যজুড়ে একের পর এক হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনায় পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন তৎপর হয়ে উঠেছে। দীঘার পর দক্ষিণ ২৪ পরগনার জনপ্রিয় পর্যটনকেন্দ্র বকখালিতে একাধিক হোটেলে আকস্মিক পরিদর্শন করে প্রশাসনের যৌথ দল। কাকদ্বীপ মহকুমা প্রশাসন, দমকল বিভাগ, নামখানা ব্লক প্রশাসন ও পুলিশের আধিকারিকরা হোটেলগুলি ঘুরে দেখেন। অগ্নি সুরক্ষা লাইসেন্স, অগ্নিনির্বাপণ যন্ত্রের কার্যকারিতা এবং রান্নাঘরের নিরাপত্তা খতিয়ে দেখা হয়।
পরিদর্শনে কয়েকটি হোটেলে ফায়ার সেফটি বিধিতে গলদ ধরা পড়ায় অসন্তোষ প্রকাশ করেন আধিকারিকরা। হোটেল মালিক ও অ্যাসোসিয়েশনকে সতর্ক করে আগামী এক মাসের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

**০০০০০০০০০০০০০০০০০**

মালদার পঞ্চানন্দপুর পাগলাঘাটে গঙ্গার ভাঙন আটকাতে যুদ্ধকালীন তৎপরতায় সেচ দফতর বাঁশ ও ইট দিয়ে ভাঙন রোধ করার চেষ্টা চালাচ্ছে। তবে, স্থানীয়রা এই কাজে অসন্তোষ প্রকাশ করেছেন। বোল্ডার পিচিং করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানান তারা।

**০০০০০০০০০০০০০০০০০**

হুগলীর খানাকুলে সাম্প্রতিক বন্যায় মুন্ডেশ্বরী এবং দ্বারকেশ্বর নদের ওপর ভেঙে যাওয়া বাঁশের সাঁকোগুলি মেরামত না হওয়ায় স্থানীয় মানুষ সমস্যার

সম্মুখীন। জল নামার পর সাপের উপদ্রব শুরু হলেও সাপের কামড়ে মৃত্যুর কোন খবর নেই। প্রশাসনের উদ্যোগে দুর্গতদের ত্রাণ দেওয়া হয়েছে।
পিটিসি

oooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয়- 'ভারতীয় খেলনার ঐতিহ্য ও প্রসার'।
পূর্ব বর্ধমানের নতুন গ্রামের কাঠের পুতুল প্রস্তুতকারক গৌরাঙ্গ ভাস্কর এবং 'ফেডারেশন অফ ইন্ডিয়ান এক্সপোর্ট অর্গানাইজেশনস'-এর আঞ্চলিক প্রধান জুঁই চৌধুরীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ  রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলা প্রচার তরঙ্গ ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বজবজে বারাতলা পোয়ালি উচ্চ বিদ্যালয়ে মিড ডে মিল নিয়ে গুরুতর অনিয়মের অভিযোগ উঠেছে। প্রাক্তন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অরূপ কুমার খাঁনের বিরুদ্ধে ভুয়ো বা অতিরিক্ত পড়ুয়ার সংখ্যা দেখিয়ে মিড ডে মিলের হিসেব দেখানোর কথা বলেছেন শিক্ষক ও অভিভাবকরা। এ নিয়ে নোদাখালি থানার পাশাপাশি বিদ্যালয় পরিদর্শকের কাছেও লিখিত অভিযোগ জমা পড়েছে।
অভিভাবক মহলে, খাবারের মান নিয়েও দীর্ঘদিন প্রশ্ন রয়েছে। ঘটনার নিরপেক্ষ তদন্ত ও দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি উঠেছে।

oooooooooooooooooo

বেঙ্গালুরুতে অনূর্ধ্ব ষোলো জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতায় গ্রুপ বি র  ম্যাচে আজ বাংলা ও পাঞ্জাবের খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে।। প্রথমার্ধে গোলশূন্য থাকার পর দ্বিতীয়ার্ধে ৫৬ মিনিটে আজিজুল মণ্ডলের গোলে এগিয়ে যায় বাংলা। খেলার অন্তিম লগ্নে  পাঞ্জাবের সরতাজ সিং সমতায় ফেরায়। বাংলার পরের খেলা মঙ্গলবার ২৭ শে আগস্ট  চণ্ডীগড়ের বিরুদ্ধে।

<u>oooooooooooooooooo</u>

<u>oooooooooooooooooo</u>